# বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন
# ২০২৪-২০২৫

## Organization for Welfare Services (OWS)

১৩৬, দেবীশিং পাড়া, কাজলা, বোয়ালীয়া, রাজশাহী-৬২০৪|

স্থাপিত: ২০১৭ খ্রী.

রেজি নং: রাজশা-১১৫৮/২১

সমাজসেবা অফিসার

শহর সমাজসেবা কার্যালয়,রাজশাহী

**dssucd.rajshahi.gov.bd**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শহর সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
রাজশাহী
dssucd.rajshahi.gov.bd

বিষয়ঃ "Organization for Welfare Services(OWS)"স্বেচ্ছাসেবী সংস্থা, রাজশাহীর ২০২৪-২০২৫ আর্থিক বছরের আয়-ব্যয় হিসাব নিরীক্ষার প্রতিবেদন।

অদ্য ২৫/১১/২০২৫ তারিখে, ২০২৪-২০২৫ অর্থ বছরের আয়-ব্যয় হিসাব নিরীক্ষা করা হলো। নিরীক্ষা কালীন সময়ে সংস্থার সাধারন সম্পাদক, কোষাধ্যক্ষ এবং সাধারন সদস্য সহ অন্যান্য ব্যাক্তি উপস্থিত ছিলেন এবং বিভিন্ন তথ্যাদি সরবরাহে সহায়তা করেন।

১. প্রতিষ্ঠানের নাম ঃ Organization for Welfare Services(OWS)
২. প্রতিষ্ঠানের ঠিকানা ঃ ১৩৬, দেবীশিং পাড়া, কাজলা, বোয়ালীয়া, রাজশাহী-৬২০৪।
৩. প্রতিষ্ঠান স্থাপনের তারিখ ঃ ১৬/১২/২০১৭ ইং
৪. প্রতিষ্ঠানের রেজিঃ নং ঃ রেজি নংঃ রাজশা-১১৫৮/২১
৫. ব্যাংক হিসেব ঃ সঞ্চয়ী ৩৭২৩০১০০১৫২১৮, রুপালী ব্যাংক লিমিটেড, রাজশাহী
৬. কার্যকরী কমিটির সদস্যা সংখ্যা ঃ ৭ জন
৭. কার্যকরী কমিটির নির্বাচনের তারিখ ঃ ১২/০৫/২০২৫
৮. কার্যকরী কমিটির সভার সংখ্যা ঃ ২৪ টি
৯. কার্যকরী কমিটির মেয়াদ ঃ ৩ বছর
১০. সংস্থার সাধারণ সদস্য সংখ্যা ঃ ২৭ জন
১১. সাধারণ সভার সংখ্যা ঃ ১২ টি
১২. কার্যকরী কমিটির সভার সর্বশেষ তারিখ ঃ ২১/০৪/২০২৫
১৩. সংস্থার অফিস ঘর ঃ সভাপতির বাসগৃহ সংলগ্ন সংস্থার ১টি অফিস ঘর আছে
১৪. সংস্থার সাইনবোর্ড ঃ অফিস ঘরের সাথে ১টি সাইনবোর্ড আছে
১৫. আয়-ব্যয়ের হিসাব ২০২৪-২০২৫ আর্থিক বছরঃ

| আয় | পরিমান | ব্যয় | পরিমান |
|---|---|---|---|
| আগত তহবিল | ৭,৩৩৬.৭৬ | বিধবা ও দরিদ্র মায়েদের সন্তানদের জন্য শিক্ষা সহায়তা কর্মসূচি | ৪,৮৫০.০০ |
| সদস্য/সদস্যার মাসিক চাঁদা | ১৬,২০০.০০ | ঝরে পড়া শিশুদের দক্ষতা উন্নয়ন কর্মসূচি | ১,২০০.০০ |
| বে-সরকারী অনুদান | ৯৩,৭২০.০৮ | কিশোর অপরাধীদের সংশোধন ও প্রতিরোধে ক্রীড়াভিত্তিক হস্তক্ষেপ কর্মসূচি | ৩,২০০.০০ |
| সরকারী অনুদান | ২১,০০০.০০ | কিশোরীদের জীবন মান উন্নয়নে বাল্যবিবাহ রোধ ও যৌতুক বিহিন বিবাহ কার্যক্রমে সহযোগীতা কর্মসূচি | ৪,৬০০.০০ |
| **ব্যাংক থেকে অর্জিত মুনাফা** | ৩২৯.০০ | নারী শ্রমিকদের ঘরে বসে আয়ের উপর প্রশিক্ষণ কর্মসূচি | ৫,২০০.০০ |
| | | যুব কল্যানে-ক্যারিয়ার কাউন্সিলিং ও প্লেসমেন্ট কর্মসূচি | ৫,৭৭৫.০০ |
| | | অসুস্থদের কল্যাণ ও পুনর্বাসনে- ঔষধ সহায়তা তহবিল কর্মসূচি | ৭,৮০০.০০ |
| | | শারীরিক ও মানসিকভাবে অক্ষম ব্যক্তিদের কল্যাণে- তাদের পরিবারের সদস্যদের কাউন্সিলিং সেবা কর্মসূচি | ৫,৭০০.০০ |
| | | কর্মচারী বেতন ও ভাতা | ১৫,০০০.০০ |
| | | আপ্যায়ন ও যাতায়াত ভাড়া বাবদ | ৬০০০.০০ |
| | | অফিস ভাড়া বাবদ | ৬০,০০০.০০ |
| | | জাতীয় দিবস উৎযাপন | ২৬০০.০০ |
| | | ব্যাংক চার্জ | ৩৯৪.০০ |
| মোট = | ১,৩৮,৫৮৫.৮৪ | মোট = | ১,২২,৩১৯.০০ |

**অবশিষ্ট ১৬,২৬৬.৮৪/= ব্যংকে জমা ১৪,৪৮৭.৩৪/= হাতে নগদ ১,৭৭৯.৫০/= টাকা ।**

# অডিট বিস্তারিত

Organization for Welfare Services(OWS, ১৩৬, দেবীশিং পাড়া, কাজলা, বোয়ালীয়া, রাজশাহী-৬২০৪, ২০২৪-২০২৫ অর্থ বছরের আয়-ব্যয়ের হিসেব পরীক্ষা-নিরীক্ষা করা হয়। হিসেব নিরীক্ষা কালীন সময়ে সংস্থার সভাপতি, সাধারন সম্পাদক এবং অর্থ সম্পাদক উপস্থিত থেকে নিম্ন বর্ণিত হিসেব নিরীক্ষা সম্পর্কীয় কাগজপত্র উপস্থাপন করেন এবং অডিট কাজে সহায়তা করেন। উপস্থাপিত কাগজপত্র সমূহ সংস্থার ক্যাশ বই, রেজুলেশন বই, ভর্তি রেজিষ্ট্রার, চাঁদা আদায় রশিদ, পেমেন্ট রশিদ, খরচের ভাউচার সংরক্ষণ ফাইল এবং ব্যাংক হিসেবের প্রমাণপত্র সহ প্রয়োজনীয় সমস্ত কাগজপত্র সমূহ।

১. **সংস্থার লক্ষ্য:** সোনার বাংলা বিনির্মানে সমৃদ্ধ সমাজ গঠন।

২. **উদ্দেশ্য:**

(ক) এই সংস্থা একটি অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সংস্থা হিসেবে কার্য এলাকার অধিবাসীদের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি সৃষ্টি করা।

(খ) এছাড়াও এলাকার অসহায় ও দুঃস্থ মানুষদের সামর্থ্য ও মানবতা উন্নয়নের লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি, কৃষি, খেলাধুলা ও বিভিন্ন আয়বর্ধক কর্মসূচী গ্রহণ করা সহ সমাজ কল্যাণ সমূলক বিভিন্ন কাজ অতি সফলতার সাথে সম্পন্ন করা।

৩. **গঠনতন্ত্র:** এই সংস্থার একটি গঠনতন্ত্র রয়েছে। যার রেজিষ্ট্রেশণ নং- রাজশা-১১৫৮/২১, সমাজসেবা অধিদপ্তর রাজশাহী কর্তৃক ১০/০৮/২০২১ তারিখে অনুমোদিত হয়েছে।

৪. **রেজিষ্ট্রেশন সনদ:**

(ক) সমাজসেবা অধিদপ্তর, রাজশাহী কর্তৃক প্রদত্ত ১টি রেজিষ্ট্রেশন সনদ এই সংস্থার রয়েছে।

৫. **কার্যক্রমের প্রমাণপত্র:** সংস্থার বিভিন্ন কার্যক্রমের প্রমাণপত্র যেমন: ছবি, ভিডিও সিডি, পেপার কাটিং এবং বিভিন্ন সনদ, ক্রেষ্ট ও প্রত্যয়ন পত্র সংরক্ষণ করা হয়।

৬. **চলমান কার্যক্রম:**

(ক) জীবনমুখী ও কারিগরি দক্ষতা বিষয়ক প্রশিক্ষনের মাধ্যমে বেকার জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচীতে অন্তর্ভূক্তকরণ।

(খ) কিশোরীদের জীবনমান উন্নয়ন কমর্স্‌চী ।

(গ) পোশাক তৈরী, এমব্রয়ডারী, ব্লক-বাটিক, বিউটিফিকেশন ও খাদ্য তৈরী ও প্রক্রিয়াজাত করনের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সহ প্রয়োজনীয় অর্থ সাহায্য দেওয়া।

(ঘ) প্রাকৃতিক দুর্যোগে সাহায্য করা।

(ঙ) প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা।

(চ) শ্রমজীবী, বয়স্ক শিক্ষা ও গণশিক্ষার ব্যবস্থা করা।

(ছ) সংস্কৃতি চর্চা যেমন: নাচ, গান ও আর্ট এর স্কুল প্রতিষ্ঠা করে তাতে প্রশিক্ষণ দেওয়া।

(জ) সময়ের প্রয়োজনে বিভিন্ন আয়বর্ধক কর্মসূচী গ্রহণ সহ সমাজ কল্যাণ মূলক বিভিন্ন কাজ সম্পন্ন করা।

(ঝ) পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্যানিটেশন সুবিধা প্রদান করা।

(ঞ) ঝরে পড়া শিশুদের দক্ষতা উন্নয়ন মূলক কার্যক্রম

(ট) যৌতুক, বহু-বিবাহ, বাল্য বিবাহ ও তালাকের বিরুদ্ধে সচেতনতা তৈরি।

(ঠ) মাদক ও এইডসের বিরুদ্ধে কাজ করা।

(ড) দুর্নীতি, জঙ্গী ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে কাজ করা ইত্যাদি।

৭. **সভা সংক্রান্ত:** এই পর্যন্ত মোট সভার সংখ্যা ৩৬ টি। এর মধ্যে কার্যকরী সভা ২৪ টি এবং সাধারণ সভা ১২ টি।

**আয়-ব্যয় সংক্রান্ত:** সব সময়ের মত সংস্থার চলতি অডিট বর্ষেও আয়-ব্যয়ের খাতা ব্যবহার করা হয়েছে। এতে সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরে মোট আয় ১,৩৮,৫৮৫.৮৪/= মোট ব্যয় ১,২২,৩১৯.০০/= অবশিষ্ট ১৬,২৬৬.৮৪/= ব্যাংকে জমা ১৪,৪৮৭.৩৪/= হাতে নগদ ১,৭৭৯.৫০/= টাকা।

৮. **ব্যাংক হিসেব:** এই সংস্থার রুপালী ব্যাংক লিমিটেড, রুয়েট শাখা, রাজশাহীতে একটি সঞ্চয়ী হিসেব আছে যার হিসাব নং- সঞ্চয়ী ৩৭২৩০১০০১৫২১৮। উক্ত হিসেবে ৩০/০৬/২০২৫ ইং এ ব্যাংক স্থিতির পরিমান ১৪,৪৮৭.৩৪/= টাকা।

৯. **কমিটি সংক্রান্ত:** সংস্থার প্রত্যেকটি কমিটি সংস্থার গঠনতন্ত্রের নিয়ম-কানুন অনুযায়ী তাঁদের সমস্ত কার্যক্রম পরিচালিত করছে।

১০. **সুপারিশ সমূহ:**

(ক) জমা-খরচ/আয়-ব্যয় খাতাতে অনুদানের হিসেবাদি আরো সুন্দর ভাবে লিপিবদ্ধ করতে হবে এবং হিসাব খাতা হালনাগাদ লিপিবদ্ধ রাখতে হবে।

(খ) কোন ক্রমেই সংস্থার অনুমোদিত গঠনতন্ত্রের বাইরে কোন কাজ করা যাবে না।

(গ) ষ্টক বইতে প্রয়োজনীয় মালামাল ক্রয় আলাদা দেখাতে হবে এবং বিক্রয়ের ক্ষেত্রেও আলাদা দেখাতে হবে।

(ঘ) আয়ের ক্ষেত্রে রশিদ এবং ব্যয়ের ক্ষেত্রে ভাউচার সমূহ সংরক্ষণ ও অনুমোদন থাকা আবশ্যক।

(ঙ) সংস্থার অর্থ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম কম হোক বা বেশী হোক সবই ব্যাংকের মাধ্যমে পরিচালনা করার জন্য পরামর্শ দেওয়া হল।

১১. **মন্তব্য:** Organization for Welfare Services(OWS), ১৩৬, দেবীশিং পাড়া, কাজলা, বোয়ালীয়া, রাজশাহীর কার্যক্রম সন্তোষজনক। খাতা পত্র যথাযথ ভাবে সংরক্ষন করা হয়েছে। সকল চাঁদা আদায় করার জন্য রশিদ ব্যবহার বাধ্যতামূলক ভাবে করতে হবে এবং টাকা আদায় হলে সংশ্লিষ্ট সংস্থার ব্যংক এ্যাকাউন্টে জমা করতে হবে। খরচের নিমিত্ত ব্যংক হতে বিধিমোতাবেক টাকা উত্তলন করে খরচ করতে হবে। সেক্ষেত্রে খরচের ভাউচার সংরক্ষণ করার পরামর্শ প্রদান করা হলো।

মোঃ আব্দুল মামিন
সমাজসেবা অফিসার
শহর সমাজসেবা কার্যালয়,
রাজশাহী।
ucdo.rajshahi@dss.gov.bd

স্মারক নং ৪১.০১.৮১০০.০৪১.২৮.০০৩.২৫.৩৬০ তারিখ: ২৫/১১/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী।

২। সভাপতি/সম্পাদক, Organization for Welfare Services(OWS), ১৩৬, দেবীশিং পাড়া, কাজলা, বোয়ালীয়া, রাজশাহী-৬২০৪।

৩। অফিস নথি।

মোঃ আব্দুল মামিন
সমাজসেবা অফিসার
শহর সমাজসেবা কার্যালয়,
রাজশাহী।
ucdo.rajshahi@dss.gov.bd